গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ৩১-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ফেব্রুয়ারী/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৯.৩০ ঘটিকা।
তারিখ : ৩১ মার্চ, ২০১৬ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

**১। আলোচ্য বিষয়-১: ২৮-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ২৮-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত জানুয়ারী, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৮-০২-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-প্রধান পরিকল্পনা ও উন্নয়ন। |

**২। আলোচ্য বিষয়-২: ২৮-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।**

গত ২৮-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত জানুয়ারী, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-প্রধান সভাকে অবহিত করেন যে, বিদ্যমান ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি'র সবুজ পাতায় অর্ন্তভূক্ত নতুন প্রকল্পের ডিপিপি তৈরীর ক্ষেত্রে সমাপ্ত আইকিউএইচডিপি'র নির্মিত অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ কার্যক্রম অন্তর্ভূক্ত করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সভাপতি নূতন প্রকল্পের ডিপিপি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য জোর তাগিদ প্রদান করেন। সমাপ্ত আইকিউএইচডিপি'র প্রকল্প পরিচালক জানান যে, রংপুর এবং খুলনা জেলায় নির্মাণাধীন ভবনের যাবতীয় কাজ সমাপ্ত হয়েছে এবং খুলনা বিভাগীয় উপ-পরিচালক এর কার্যালয় ও খুলনা জেলা বাজার কর্মকর্তার কার্যালয় ইতোমধ্যে নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। তিনি সভাকে আরো জানান যে

ভবন হস্তান্তর সম্পর্কিত প্রতিবেদন শিঘ্রই দাখিল করা হবে। সভাপতি চুড়ান্ত প্রতিবেদন আগামী ১৫ কার্য দিবসের মধ্যে দাখিল করার জন্য পুনরায় তাগিদ প্রদান করেন।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারে ০১টি নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। ঝিনাইদহ জেলার মদনডাঙ্গা বাজারের এসেম্বল সেন্টার নির্মান কাজ প্রায় শেষ পর্যায়ে এবং টিনের চালা স্থাপনের কাজ চলছে। তিনি সভাকে অবহিত করেন যে, ১৫ এপ্রিল/২০১৬ মাসের মধ্যে এসেম্বল সেন্টার এর নির্মাণ কাজ সম্পন্ন হবে মর্মে আশা করা যাচ্ছে। ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ডাকবাংলা বাজার শস্যগুদাম পরিচালনা কমিটি ও উপদেষ্টা কমিটি ইতোমধ্যে গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের জন্য স্থানীয় অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপকের সাথে আলোচনা হয়েছে। শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে ও ইতোমধ্যে গ্রুপ গঠন ও গুদাম পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে স্থানীয় সোনালী ব্যাংকের সাথে মতবিনিময় করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্বক উদ্যোগ গ্রহণ এবং প্রকল্প বাস্তবায়নে যাবতীয় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের প্রতিনিধি সহকারী পরিচালক সভাকে জানান যে, গোপালগঞ্জ জেলার সদর উপজেলার সিলনা বাজার টুঙ্গিপাড়া উপজেলার কুশলী বাজারে এবং বাগেরহাট জেলার সদর উপজেলার পুলেরহাট বাজারে ০৩টি এসেম্বল সেন্টারের নির্মাণের কাজ চলমান আছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, উক্ত ০৩টি এসেম্বল সেন্টারের বেজ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে এবং বালু ভরাট ও পিলার নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে এবং এগুলোর নির্মাণ কাজ মে মাসের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে আশা করা যাচ্ছে। কিন্তু বাগেরহাটের মোল্লারহাট উপজেলার চুনখোলা বাজার এসেম্বল সেন্টার নির্মাণের জায়গায় কিছু অবৈধ টং ঘর থাকায় স্থানীয় জনগণের সাথে বিরোধের কারণে নির্মাণ কাজ বিলম্বিত হচ্ছে । তবে স্থানীয় প্রশাসনের সহযোগীতায় তা উচ্ছেদের উদ্যোগ নেয়া হয়েছে। এ ছাড়া আগামী অর্থ বছরে নির্মিতব্য এসেম্বল সেন্টারের জন্য পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় প্রথম নির্বাচিত স্থানটি নিয়ে সমস্যা হওয়ায় ২য় একটি স্থান নির্বাচনের কাজ চলছে। সভাপতি নির্মাণ কাজ বিলম্বিত হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুততম সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার বিষয়ে তাগিদ প্রদান করেন। আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মাণযোগ্য এসেম্বল সেন্টারের জন্য সকল ধরনের প্রাথমিক কাজ যেমনঃ স্থান নির্বাচন, ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ইত্যাদি চুড়ান্ত করার লক্ষ্যে ব্যক্তিগত উদ্যোগ ও প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্ব্বাত্মক উদ্যোগ গ্রহণ এবং নিয়মিত প্রকল্প বাস্তবায়ন মনিটরিং অব্যাহত আছে বলে জানানো হয়।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের নবনিযুক্ত ফিল্ড অফিসারগণ ইতোমধ্যে যোগদান করেছেন। হিসাব রক্ষক পদে এখনও কেউ যোগদান করেননি। তিনি সভাকে অবহিত করেন যে, প্রকল্পভূক্ত ০৪টি জেলায় দল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে এবং দল গঠন সম্পূর্ণ হলে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া গাড়ী ক্রয়ের

টেন্ডার পদ্ধতি সম্পন্ন করা হয়েছে এবং প্রগতি লিমিটেড-কে শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে মর্মে সভাকে জানানো হয়।

সমাপ্ত "ফার্মার'স মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহের বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচীর" কর্মসূচী পরিচালক সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে উল্লেখযোগ্য কোন আলোচনা হয়নি। তবে বন্ধ এনসিডিপি বাজারসমূহ চালুকরনে কার্যকরী উদ্যোগ গ্রহণের লক্ষ্যে অধিদপ্তর পর্যায়ে গঠিত টীম সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে ১৬টি মার্কেট সরেজমিন পরিদর্শন করা হয়েছে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

৩.১: সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৫৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে ২টি প্রকল্পের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৩৪৫.১৫ লক্ষ টাকা এবং অন্য ১টি প্রকল্পে ১ম কিস্তি বাবদ ২১.২৫ লক্ষ টাকা ছাড় পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারী/২০১৬ পর্যন্ত সর্বমোট ২৬২.০৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৪৭.৫৭%।

৩.২: **সমাপ্ত সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন-২য় পর্যায় (১ম সংশোধিত) (ডিএএম অংগ)** প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহকে অন্তর্ভূক্ত করে সে গুলোর রক্ষণাবেক্ষণ ও পরিচালনার নিমিত্ত নতুন একটি ডিপিপি'র খসড়া দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। উপ-প্রধান জানান যে অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিসসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের বিষয়টি ডিপিপিতে প্রাধান্য দেয়া হচ্ছে। ফলে প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৫ কোটি টাকার উর্ধ্বে বিধায় পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে Feasibility study আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। এ ছাড়া IRR, BCR, NVR ইত্যাদি বিষয়গুলো সঠিকভাবে ডিপিপিতে সন্নিবেশিত করতে হবে যা একটু জটিল ও সময় সাপেক্ষ। সভাপতি প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য একজন বিশেষজ্ঞ অন্তর্ভূক্ত করে একটি টীম গঠনের জন্য পরামর্শ প্রদান করেন। নব নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ

স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহিত করার জন্য স্থানীয় পর্যায়ে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.২.১ | এডিপি'র সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রকল্পে সমাপ্ত আইকিউএইচডিপি'র নির্মিত অবকাঠামোসমূহকে অন্তর্ভূক্ত করে যে প্রকল্প প্রস্তাব তৈরী করা হচ্ছে তার সম্ভব্যতা যাচাইয়ের লক্ষ্যে একজন বিশেষজ্ঞ সদস্যকে অন্তর্ভূক্ত করে একটি টীম গঠন করতে হবে। | উপ-প্রধান (পরিঃ ও উঃ) ও প্রকল্প পরিচালক সমাপ্ত আইকিউএইচডিপি প্রকল |
| ৩.২.২ | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পের জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পত্র দিতে হবে। | উপ-প্রধান (পরিঃ ও উঃ) |
| ৩.২.৩ | খুলনা জেলায় নির্মিত অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, খুলনা, জেলা বাজার কর্মকর্তার কার্যালয়, খুলনা এর ফান্ড এবং প্রশিক্ষণ সেন্টার ব্যবহারের আয় থেকে সমন্বয় করে নির্বাহ করতে হবে এবং ট্রেনিং সেন্টারগুলো চালুকরণের ক্ষেত্রে কার্যকরী উদ্যেগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, খুলনা ও জেলা বাজার কর্মকর্তা, খুলনা। |
| ৩.২.৪ | নব নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ তৈরীর নিমিত্ত স্থান চিহিত করার জন্য স্থানীয় পর্যায়ে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক খুলনা |
| ৩.২.৫ | প্রকল্পের ভবন হস্তান্তর গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন জরুরী ভিত্তিতে আগামী ১৫ দিনের মধ্যে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, আইকিউএইচডিপি (বিপণন অংগ) (সমাপ্ত) |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৫৭.৯০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং ছাড়কৃত অর্থের মধ্যে ফেব্রুয়ারী,২০১৬ পর্যন্ত ৪৮.৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৫৫.৮২%। উপ-প্রকল্প পরিচালক (এমআইএডিপি) সভাকে অবহিত করেন যে, আরএডিপিতে তাঁর প্রকল্পের অনুকুলে ৮২.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম

ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন এবং পরবর্তী বোরো মৌসুমে শস্য জমা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্ধোধন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ, প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং এবং প্রকল্পের স্টিয়ারীং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপ-প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৩.১ | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.২ | শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে আগামী বোরো মৌসুমে শস্য জমা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্ধোধন করতে হবে এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৩ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার উদ্যোগ গ্রহণ, বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং এবং স্টিয়ারীং কমিটির সভায় সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৮৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ২৮৭.২৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। ফেব্রুয়ারী, ২০১৬ পর্যন্ত ২০০.২৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৫২.২৯%। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য এবং বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সর্বাত্তক প্রচেষ্টা গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক গ্রুপ গঠন, গুদাম উপদেষ্ঠা কমিটি গঠন ও ব্যাংক ঋনের বিষয়ে গ্রুপ এর সাথে স্থানীয় ব্যাংক এর লিংকেজ স্থাপনের জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। শগকক গুদামের গুদাম রক্ষকের বেতন ভাতা বিষয়ে সভায় আলোচনাকালে সভাপতি জানান ডিপিপিতে সংস্থান না থাকায় মুজিবনগর প্রকল্পের আদলে সংশ্লিষ্ট গুদামের আয় থেকে বেতন ভাতা পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

বিদ্যমান যর্থ বছরে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করাসহ চুনখোলা বাজারের অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মানের ক্ষেত্রে সকল ধরনের প্রাথমিক কাজ যেমনঃ স্থান নির্বাচন, ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ইত্যাদি চূড়ান্ত করার লক্ষ্যে ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ পূর্বক দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য এবং ২০১৫-১৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ যথাসময়ে সম্পন্নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে স্থানীয় চেয়ারম্যানকে দিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | বিদ্যমান কর্ম পরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে এসেম্বল সেন্টারগুলোর নির্মাণ কাজ শেষ করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.২ | চুন খোলা বাজারে স্থানীয় প্রশাসনের সহায়তায় এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ ত্বরান্বিত করার নিমিত্ত অবৈধ স্থাপনা উচ্ছেদসহ কার্যকরী উদ্যোগ গ্রহণপূর্বক তার অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালুর লক্ষ্যে গুদাম রক্ষকের বেতন ভাতা মুজিবনগর প্রকল্পের আদলে গুদামের আয় থেকে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি(ডিএএম অংগ) |
| ৩.৪.৪ | আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের লক্ষ্যে এখন থেকেই সকল ধরনের প্রাথমিক কাজ যেমনঃ স্থান নির্বাচন, ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ইত্যাদি চূড়ান্ত করার লক্ষ্যে ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ পূর্বক বাস্তবায়নের সার্বিক প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৫ | নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে আগামী বোরো মৌসুমে শস্য জমা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্বোধনের সময়ে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

| | | |
|---|---|---|
| ৩.৪.৬ | কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ এবং নিয়মিতভাবে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)"** প্রকল্পের অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ২১.২৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ হতে মোট ১৩.৫০ লক্ষ টাকা প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য ব্যয় করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক ( অতিঃ দ্বাঃ) সভাকে অবহিত করেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে জায়গা বরাদ্দ পাওয়ায় এতদ্সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি এসেম্বল সেন্টার নির্মাণের জন্য জায়গা চূড়ান্তকরণের জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুত সময়ের মধ্যে MOU স্বাক্ষরের বিষয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। সভাপতি সিলেট অফিস কাম প্রসেসিং সেন্টার নির্মাণের জন্য বিভিন্ন সংস্থায় পত্র দিতে প্রকল্প পরিচালকে পরামর্শ প্রদান করেন। এছাড়া প্রকল্পের অন্যান্য কাজ গুলো যেমন গাড়ীক্রয়, প্রশিক্ষণ প্রদান,কৃষক বিপণন দল গঠন আউট সোসিং পদ্ধতিতে জনবল নিয়োগ ইত্যাদি কাজ গুলো নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য জায়গা বিষয়ে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুততম সময়ের মধ্যে MOU স্বাক্ষরের পদক্ষেপ নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.২ | "সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প" এর হিসাব রক্ষক-এর যোগদান সম্পন্ন হলে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অর্ন্তভূক্ত করে এপ্রিল/২০১৬ মাসের ২য় সপ্তাহের শনি ও রবিবার ইন-হাউজ প্রশিক্ষনের আয়োজন করতে হবে। | উপ-পরিচালক(আরইটিসি) |
| ৩.৫.৩ | প্রকল্পের আওতায় গাড়ী ক্রয়ের কার্যাদেশ দ্রুত সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ প্রদান, কৃষক বিপণন দল গঠন, আউট সোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৪ | গাড়ী ক্রয়ের পর অবশিষ্ট অব্যয়িত অর্থ থেকে সম্পদ সংগ্রহ তথা কম্পিউটার ও ফার্নিচার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

| | | |
|---|---|---|
| ৩.৫.৫ | বিএডিসি হতে প্রাপ্ত জমিতে অফিস-কাম-ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৬ | প্রকল্পের নবনিযুক্ত ফিল্ড অফিসারগণ সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীর (ডিএমও/এমআই) কার্যালয় হতে তাদের প্রকল্প অফিসের কার্যক্রম পরিচালনা করবেন। | প্রকল্প পরিচালক<br>সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প<br>ও<br>সহকারী পরিচালক (প্রঃ) |

৩.৬: **সমাপ্ত ফার্মার'স মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহের বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচী (সমাপ্ত)** সাবেক কর্মসূচী পরিচালক সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা হয়নি। ইতোমধ্যে অধিদপ্তরের প্রধান (গঃ ও উঃ) রাজশাহী, নাটোর, রংপুর, নওগাঁ ও নীলফামারী জেলার ১৬টি এনসিডিপি মার্কেট সরেজমিন পরিদর্শন, স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সহায়তায় মার্কেটসমূহ কার্যকরভাবে চালুকরণের জন্য উদ্যোগ নিয়েছেন। সভাপতি, উপ-পরিচালক রাজশাহী ও প্রধান (গঃ ও উঃ) এর যৌথ উদ্যোগে মার্কেটগুলো চালুকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারনের জন্য পরামর্শ দেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | সমাপ্ত কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পুর্নাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ- পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ- পরিচালক<br>রাজশাহী। |
| ৩.৬.২ | ইতোপূর্বে মার্কেট প্রতিনিধিকে প্রদত্ত ব্যানার ও মার্কেটে রক্ষিত ওজন পরিমাপক যন্ত্র গুলো সঠিক ভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা মনিটরিং করাসহ এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক,<br>রাজশাহী<br>ও কর্মসূচী পরিচালক ,<br>এফএমজি কর্মসূচী (সমাপ্ত)। |
| ৩.৬.৩ | এনসিডিপি'র আওতায় নির্মিত বন্ধ মার্কেট গুলো চালু করার বিষয়ে বিভাগীয় উপ-পরিচালক কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/এমআইদের তদারকী অব্যাহত রাখবেন এবং এতদ্‌সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | বিভাগীয় উপ- পরিচালক<br>ও কর্মসূচী পরিচালক ,<br>এফএমজি কর্মসূচী (সমাপ্ত)। |
| ৩.৬.৪ | বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে অধিদপ্তরের প্রধান (গঃ ও উঃ) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী যৌথ উদ্যোগ গ্রহণ করবেন। | প্রধান (গবেষণা ও উন্নয়ন)<br>ও<br>বিভাগীয় উপ-পরিচালক<br>রাজশাহী |

**৩.৭: আলু কর্মসূচীঃ** "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম"বিষয়ে একটি কর্মসূচী প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। উপ-প্রধান (পরিঃ ও উঃ) বলেন যে, কর্মসূচী পরিচালক নিয়োগ ও অর্থ ছাড়ের জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে এবং সকল ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে কার্যাকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | বিদ্যমান অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী কর্ম সম্পাদনের উদ্যোগ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা,পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রকল্প/কর্মসূচীর আওতায় গঠিত কৃষক বিপণন দল এর সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায়নি। সভাপতি যে সকল প্রকল্প/কর্মসূচী হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদেরকে তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাপতি নির্ধারিত ফরম্যাটে কৃষক প্রশিক্ষণের তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্টদের পুনরায় অনুরোধ জানান। উপ-প্রধান (পরিঃ ও উঃ) আগামী ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি'র সবুজ পার্তায় অন্তর্ভূক্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি প্রস্তাবিত প্রকল্পসমূহ সবুজ পাতায় অন্তর্ভূক্তির লক্ষ্যে কার্যকরী উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুনাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে এবং এ বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন ও জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৪.২ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| ৪.৩ | অধিদপ্তরের বাস্তবায়িত চলমান ও সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় অনুষ্ঠিত ও অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ এর তথ্য সদর দপ্তর হতে প্রেরিত ছক মোতাবেক প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প/ কর্মসূচী পরিচালক |
| ৪.৪ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।